



২০১৬ সালের ৩য়-৮ম শ্রেণীর পরীক্ষায় পরিবর্তনঃ অভিভাবকের কি জানা প্রয়োজন

প্রতি বসন্তকালে, নিউ ইয়র্ক স্টেট জুড়ে ৩য়-৮ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের উপর ইংরেজী ভাষা কলা (ELA) এবং গণিত পরীক্ষা পরিচালনা করা হয়। নিম্নে আপনি স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের ২০১৬এর পরীক্ষায় পরিবর্তনের তথ্য খুঁজে পাবেন।

পরীক্ষায় প্রশ্নের সংখ্যা কমেছে

২০১৬সালের ৩য়-৮ম শ্রেণীর ইংরেজী ভাষা কলা(ELA) পরীক্ষায় ছাত্র-ছাত্রীরা একটি প্যাসেজ কম পড়বে এবং স্বল্পসংখ্যক প্রশ্নের উত্তর দিবে। ২০১৬ সালের ৩য়-৮ম শ্রেণীর গণিত পরীক্ষাতেও ছাত্র-ছাত্রীরা স্বল্পসংখ্যক প্রশ্নের উত্তর দিবে।

সময় অনির্ধারিত পরীক্ষাকরণ

২০১৬ সালের ৩য়-৮ম শ্রেণীর ইএলএ(ELA) এবং গণিত পরীক্ষা হবে সময় অনির্ধারিত। এই পরিবর্তনটি ছাত্র-ছাত্রীদের তারা যা জানে এবং করতে পারে তাদের সময় অনুযায়ী, এমন সুযোগ প্রদান করবে। এক কথায়, যতক্ষণ পর্যন্ত ছাত্র-ছাত্রীরা তাদের কাজে নিযুক্ত থাকবে, পরীক্ষা শেষ করতে তাদের প্রয়োজন অনুযায়ী সময় পাবে।

বৃহত্তর শিক্ষক সংশ্লিষ্টকরণ

স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট পরীক্ষাপত্র তৈরী এবং পর্যালোচনা সংশ্লিষ্ট কর্মের জন্য নিউইয়র্ক স্টেট শিক্ষকদের সংখ্যা বৃদ্ধি করেছে এবং ভবিষ্যতে পরীক্ষার উন্নতিসাধনে শিক্ষকদের সংশ্লিষ্ট করতে সুযোগ সম্প্রসারণ করবে।

- ২০১৫ সালের অক্টোবরে স্টেটের বিভিন্ন জায়গা থেকে শিক্ষকরা ২০১৬ সালের পরীক্ষা পত্রের মূল্যায়ন এবং প্রশ্ন নির্বাচন করার জন্য আলবেনিতে সমবেত হয়েছিল।
- ২০১৫ সালের হেমন্তের শুরুতে এবং পরেও নিউ ইয়র্ক স্টেটের বৃহত্তর সংখ্যক শিক্ষকদের পরীক্ষার প্রশ্ন পর্যালোচনা এবং চূড়ান্ত পরীক্ষা পত্র সংক্রান্ত কর্মে সংশ্লিষ্ট করা হয়।
- এই প্রথম বারের জন্য, নিউ ইয়র্ক স্টেট শিক্ষকরা প্রকৃতপক্ষে ৩য়-৮ম শ্রেণীর ইএলএ(ELA) এবং গণিত পরীক্ষার প্রশ্নপত্র লিখবে, এবং এই প্রশ্নপত্র ২০১৮ সালের বসন্তকালের পরীক্ষায় ব্যবহৃত হবে।

নতুন পরীক্ষা বিক্রেতা

গত বছর গ্রীষ্মকালে, কোয়েস্টার এসেসমেন্ট ইনক্ (Questar) একটি পরীক্ষা কোম্পানি যা স্টেটের ৩য়-৮ম শ্রেণীর ইএলএ এবং গণিত পরীক্ষার চুক্তির জন্য পুরস্কৃত হয়েছে। কোয়েস্টার এসেসমেন্ট ইনক্ (Questar) উপরে উল্লেখিত পরিবর্তন অনুযায়ী এবং ৩য়-৮ম শ্রেণীর ইএলএ ও গণিত পরীক্ষার অন্যান্য পরিবর্তনে ডিপার্টমেন্টের সাথে একত্রে কাজ করবে।

পরীক্ষার প্রোগ্রাম, নীতিমালা এবং পদ্ধতি সম্বন্ধে কোন প্রশ্ন থাকলে ইমেল করুন emscassessinfo@nysed.gov

BENGALI

